

উপজেলা আইন-শৃংখলা বিষয়ক উপজেলা কমিটির দ্বি-মাসিক সভার কার্যবিবরণী

সভাপতি : নাজমুল হাসান নীরা
ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দুর্গাপুর নেত্রকোণা।
তারিখঃ : ০২/১১/২০২২ খ্রি.
সময় : বেলা ১০.৩০ ঘটিকা
স্থান : উপজেলা পরিষদ হলরুল
উপস্থিতি : পরিশিষ্ট-ক

সভাপতি উপজেলা আইন-শৃংখলা কমিটির সভায় উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর বিগত সভার কার্যবিবরণী সভায় পাঠ করা হয়। পঠিত কার্যবিবরণী সম্পর্কে কোনরূপ সংশোধনী প্রস্তাব না থাকায় তা দৃষ্টিকরণ করা হয়। অতঃপর উপজেলার আইন-শৃংখলা পরিস্থিতি সম্পর্কে এজেন্ডাভিত্তিক নিম্নবর্ণিত বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

০১। উপজেলার আইন-শৃংখলা পরিস্থিতি স্বাভাবিক রাখার লক্ষ্যে নিম্নবর্ণিত বিষয়ে আলোচনা ও গৃহীত সিদ্ধান্ত গ্রহণ করা হয়ঃ

ক্রমিক নং	আলোচ্য বিষয়	আলোচনা ও সিদ্ধান্ত	বাস্তবায়নে
০১	মাদক প্রতিরোধ	সভাপতি সভায় বলেন যে, অত্র উপজেলার বিভিন্ন স্থানে উঠতি বয়সি ছেলেরা মাদকের প্রতি ঝুঁকে পড়ছে। অতি সত্বর মাদকের অপব্যবহার রোধ করা না গেলে সমাজে এর ভয়াবহ প্রভাব পড়বে। যার ফলে চুড়ি ছিনতাই বৃদ্ধি পাবে। সিদ্ধান্তঃ যে কোন মূল্যে মাদক সেবী ও ব্যবসায়ীদের আইনের আওতায় এনে শাস্তির ব্যবস্থা করার সিদ্ধান্ত হয়।	অফিসার-ইন-চার্জ দুর্গাপুর থানা
০২	অপরাধ চিত্র	উপজেলায় অপরাধ প্রবণতা নিয়ন্ত্রণে প্রতিরোধমূলক ব্যবস্থা গ্রহণের জন্য পুলিশী টহল ও নজরদারী অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়।	ঐ
০৩	আইন- শৃংখলা পরিস্থিতি	উপজেলার সার্বিক আইন-শৃংখলা পরিস্থিতি স্বাভাবিক রাখার জন্য বিশেষ সতর্কতাসহ প্রয়োজনে তল্লাশী অভিযান বৃদ্ধি করার সিদ্ধান্ত গৃহীত হয়।	ঐ
০৪	অবৈধ অস্ত্র উদ্ধার	উপজেলার সার্বিক আইন-শৃংখলা নিয়ন্ত্রণে অবৈধ অস্ত্র উদ্ধার অভিযান অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়।	ঐ

সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(নাজমুল হাসান নীরা)

সভাপতি

উপজেলা আইন শৃংখলা কমিটি

ও

ভাইস চেয়ারম্যান

উপজেলা পরিষদ

দুর্গাপুর, নেত্রকোণা